

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ - ০১

নং-ডিএমডি-১/(৩/১০)/২০১৪-২০১৫/ ৮৪ (১২৫০)


তারিখ : ১৯.১০.২০১৪ খ্রি:

সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : শাখা সমূহের আমানত হিসাব ও ঋণ হিসাব ব্যালেন্স না করা প্রসঙ্গে।

বিভিন্ন অঞ্চলের শাখা সমূহ পরিদর্শনকালে এবং সম্প্রতি অনুষ্ঠিত পদোন্নতির সাক্ষাৎকার গ্রহণকালে শাখায় দ্বিতীয় কর্মকর্তা পদে কর্মরত উর্ধ্বর্তন কর্মকর্তা ও কর্মকর্তাদের জিজ্ঞাসাবাদে নিম্নস্বাক্ষরকারী অভ্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করেছেন যে, শাখার আমানত হিসাব ও ঋণ হিসাব সমূহ নিয়মিত ব্যালেন্স করা হয় না। অর্থাৎ হিসাবের সংশ্লিষ্ট নিয়ন্ত্রণ বই (Control Book) ও জেনারেল লেজারের স্থিতির সাথে আমানত হিসাব সমূহের সমষ্টি এবং ঋণ হিসাব সমূহের সমষ্টির মিল নাই যা ব্যাংকিং কার্যক্রমের সম্পূর্ণ পরিপন্থি। এ প্রক্রিয়া চলতে থাকলে জাল-জালিয়াতি সংঘটিত হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে। আর্থিক অনিয়ম রোধ করার লক্ষ্যে আমানত হিসাব ও ঋণ হিসাব ব্যালেন্স একটি আবশ্যিক প্রক্রিয়া।

এমতাবস্থায়, অন্তিবিলম্বে শাখা সমূহের আমানত হিসাব সমূহ এবং ঋণ হিসাব সমূহের ব্যালেন্স সম্পন্ন করার জন্য শাখা সমূহকে সর্বশেষ নির্দেশ দেয়া হলো। ব্যর্থতার জন্য শাখায় কর্মরত সকল কর্মকর্তা/ সংশ্লিষ্ট কর্মচারী ব্যক্তিগত ও সমষ্টিগতভাবে দায়ী থাকবেন এবং তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে বিষয়টি বিশেষভাবে উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগন বিষয়টি মানিটরিং করবেন। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগন তাদের নিরীক্ষা প্রতিবেদনে এ বিষয়টি বিশেষভাবে উল্লেখ করবেন। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগন এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগন যথাক্রমে পরিদর্শন/ নিরীক্ষাকালে শাখা সমূহের ব্যালেন্স নিশ্চিত করবেন।


(মোঃ জয়নুল ইসলাম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

নং-ডিএমডি-১/(৩/১০)/২০১৪-২০১৫/ ৮৪ (১২৫০)

তারিখ : ১৯.১০.২০১৪ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা. ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২, বিকেবি, প্রকা. ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয় সমূহ।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, প্রকা, ঢাকা (উল্লেখিত নির্দেশনাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।


(মোঃ নজরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক